দৈনিক ইত্তেফাক

তারিখ ... 02 AUG 1989 ...
পৃষ্ঠা ... 3 ... কলাম 4 ...

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

82

030

## ঢাকা ভার্সিটির বিভিন্ন পরীক্ষার সময়সূচী

( বিশ্ববিদ্যালয় রিপোর্টার )

ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গত সোমবার বিভিন্ন পরীক্ষার সময়সূচী ঘোষণা করিয়াছে। কোর্স পদ্ধতিতে ১৯৮৬ সনের স্থগিত ফাইনাল এম, এ ও এম, এস, এস বার্ষিক কোর্স পদ্ধতিতে ১৯৮৮ সনের ১ম বর্ষ বি,এ, ও বি,এস,এস বার্ষিক কোর্স পদ্ধতি ১৯৮৭ সনের দ্বিতীয় বর্ষ বি, এস সি সাবসিডিয়ারী, ১৯৮৮ সনের ১ম বর্ষ বি,এস,সি/বি,ফার্ম পরীক্ষা ১৭ই আগষ্ট হইতে শুরু হইবে। ইহাছাড়া ১৯৮৭ সনের তৃতীয় বর্ষ বি,এ/বি,এস,এস পরীক্ষা ১৮ই সেপ্টেম্বর বার্ষিক কোর্স পদ্ধতিতে ১৯৮৭ সনের প্রিলিমিনারী এম,এ এম,এসএস পরীক্ষা ৩রা সেপ্টেম্বর,

( ৪র্থ পৃ: দ্র: )

## পরীক্ষার সময়সূচী

( ৩য় পৃ: পর )

১৯৮৭ সনের তৃতীয় বর্ষ বি,এস সি/বি ফার্ম সম্মান পরীক্ষা ১৭ই অক্টোবর, সনাতন পদ্ধতিতে ১৯৮৭ সনের প্রিলিমিনারী মাস্টার্স পরীক্ষা ৯ই সেপ্টেম্বর, সনাতন পদ্ধতিতে ১৯৮৭ সনের ডিগ্রী সম্মান পরীক্ষা ১৪ই সেপ্টে ম্বর এবং ১৯৮৯ সালের ডিগ্রী পাস ও সাবসিডিয়ারী পরীক্ষা ২২শে অক্টোবর হইতে শুরু হইবে।

### নাট্যকলা বিভাগ

ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বাংলা অনুষদের আওতায় 'নাট্যকলা' বিষয় খোলার উদ্যোগ নিয়াছে। ১৯৮৮-৮৯ শিক্ষা বর্ষ হইতে সাবসিডিয়ারী কোর্স হিসাবে এই বিষয়ে পাঠ্যদান কর্মসূচী শুরু হইবে।

### সম্মান শ্রেণীর ক্লাস

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৮৮-৮৯ শিক্ষাবর্ষের কলা, আইন সামাজিক বিজ্ঞান ও বাণিজ্য অনুষদের বিভাগসমূহের প্রথম বর্ষ সম্মান শ্রেণীর ক্লাশ ৮ই আগষ্ট এবং বিজ্ঞান ও জীব বিজ্ঞান অনুষদভুক্ত সকল বিভাগের ক্লাশ ১৬ই আগষ্ট হইতে শুরু হইবে।